৪৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
প্রশাসন অনুবিভাগ-১
প্রশাসন শাখা-১
www.mhpw.gov.bd

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১০.২৫-২২৮

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ)(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকায় কর্মরত অবস্থায় গত ০৩/০১/২০২৪ তারিখ থেকে কর্তৃপক্ষের বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। মোবাইল ফোনে বারংবার ফোন করা সত্ত্বেও তার সাথে কোন ধরণের যোগাযোগ স্থাপন করা সম্ভব না হওয়ায় গণপূর্ত অধিদপ্তর থেকে ২৯/০৫/২০২৪ তারিখের ত:প্র:(উন্নয়ন)/পিএ/৩১২(৫) নম্বর স্মারকে পত্র প্রাপ্তির ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে জবাব প্রদানের জন্য তাকে নির্দেশ প্রদান করা হয়। তিনি কোনো জবাব প্রদান করেননি। গণপূর্ত অধিদপ্তর হতে ১৯/০৮/২০২৪ তারিখের ২৫.৩৬.০০০০.২২০,২৭.০৪১.২৪.৩৯৮ নম্বর স্মারকে তাকে ১০ (দশ) কর্মদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। উক্ত সময়ের মধ্যে জবাব প্রদান না করায় গণপূর্ত অধিদপ্তর থেকে যথাক্রমে ১১/০২/২০২৫ তারিখের ২৫.৩৬.০০০০.২২০.২৭.০৪১.২৪-২৮ নম্বর স্মারকে এবং ১০/০৩/২০২৫ তারিখের ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০০৪১.২৪-৬১ নম্বর স্মারকে পুনরায় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়। তিনি অদ্যাবধি কোনো জবাব প্রদান না করে কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও (গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে ০৩/২০২৫ নম্বর বিভাগীয় মামলা রুজু করে তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় অভিযোগনামা ও অভিযোগ বিবরণী রেজিস্ট্রি এডি ডাকযোগে প্রেরণ করা হয়। গণপূর্ত অধিদপ্তর হতে উক্ত কারণ দর্শানোর নোটিশ তার বর্তমান ও স্থায়ী ঠিকানায় রেজিস্টার্ড ডাকযোগে পুনরায় প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি কোনো জবাব পাওয়া যায়নি;

০২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব সামিয়া সুলতানা কোনো জবাব দাখিল করেননি, সেহেতু বিভাগীয় মামলাটি তদন্ত করার লক্ষ্যে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের উপসচিব জনাব মোঃ নাজমুল আলমকে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে অভিযুক্ত জনাব সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ)(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে দায়েরকৃত ০৩/২০২৫ নম্বর বিভাগীয় মামলায় 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন। অতঃপর, বিভাগীয় মামলার ধারাবাহিকতা অনুসরণ করে অভিযুক্ত কর্মকর্তাকে ২৩/০২/২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল না করায় এবং তদন্ত প্রতিবেদন মোতাবেক অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ঘ) অনুযায়ী তাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধানমালা, ১৯৭৯ এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৭ এর উপবিধি-১০ মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হয়। জনাব সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ)(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায়

বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী ...
সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্তের সাথে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করে;

০৩। যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের মতামত এবং বিভাগীয় মামলার সংশ্লিষ্ট কাগজপত্রসহ প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী জনাব সামিয়া সুলতানাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত বহাল রাখা হয় এবং যেহেতু নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি জনাব সামিয়া সুলতানাকে 'চাকুরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের প্রস্তাব সানুগ্রহ অনুমোদন প্রদান করেছেন;

চলমান পাতা-২

F:\Proggapon 2025\jj doc\157

-২-

০৪। সেহেতু, জনাব সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (সিভিল)([illegible]), গণপূর্ত অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' অভিযোগ প্রমাণিত হওয়ায় দোষী সাব্যস্ত করে একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী 'চাকুরি হতে বরখাস্তকরণ' করা হলো।

০৫। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

স্বাক্ষরিত

২০/০৫/২০২৬

মোঃ নজরুল ইসলাম

সচিব

নম্বর: ২৫.০০.০০০০.০৩৬.১২২.২৭.০০১০.২০-২২৮(১২)

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ২১ মে ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

০২। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।

০৩। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৫। উপসচিব (প্রশাসন শাখা-১), গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৬। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৮। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো এবং প্রকাশিত ০৫ কপি গেজেট এ মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০৯। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

১০। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি অত্র মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। মিজ্ সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ)(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।

১২। অফিস কপি/মাস্টার ফাইল।

২৭/০৫/২০২৫

মোহা: লুৎফুন নাহার নাজীম
উপসচিব
টেলিফোন: ০২৫৫১০০৪৫৫
ই-মেইল: adminsection1@mohpw.gov.bd

| নির্বাহী প্রকৌশলীর কার্যালয় গণপূর্ত ই/এম এম আই এস বিভাগ-২, ঢাকা। | | | |
|---|---|---|---|
| ডাইরী নং- ২৮৯৭ | | তারিখ ঃ-৭/৬/২৫ গ্রহণকারী ঃ- | |
| উঃ সঃ | সঃ প্রঃ | উঃ বিঃ প্রঃ | নিঃ প্রঃ |
| | | | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
সংস্থাপন শাখা-৩
www.pwd.gov.bd

**স্মারক নম্বর:** ২৫.৩৬.০০০০.০০০.২২০.২৭.০০৪১.২৪.১৮৭

তারিখ: ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৩ জুন ২০২৬

**বিষয়: জনাব সামিয়া সুলতানা, নির্বাহী প্রকৌশলী (রিজার্ভ) (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(গ) অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন" এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার বিধি ৪ এর উপবিধি ৩ এর (ঘ) অনুযায়ী "চাকুরি হতে বরখাস্ত" করণ প্রসংগে।**

পূর্ব পৃষ্ঠার বর্ণিত বিষয়ে অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:-

০৩-০৬-২০২৬
(মুহাম্মদ সারওয়ার জাহান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
ফোন : ০২২২৩৩৮০৯৯৯
ইমেইল : se_est@pwd.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
২। নিবাহী প্রকৌশলী (সংস্থাপন), গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৩। প্রধান প্রকৌশলী মহোদয়ের স্টাফ অফিসার (নির্বাহী প্রকৌশলী), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। ইহা প্রধান প্রকৌশলী মহোদয়ের অবগতির জন্য।
৪। নিবাহী প্রকৌশলী, গণপূর্ত ই/এম এমআইএস বিভাগ-২, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা (ইহা গণপূর্ত অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ২য় ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, ঢাকা।
৭। জনাব সামিয়া সুলতানা,বর্তমান ঠিকানাঃ নির্বাহী প্রকৌশলী(রিজার্ভ)(উন্নয়ন), গণপূর্ত অধিদপ্তর, ঢাকা। স্থায়ী ঠিকানা-প্রযত্নেঃ পিতাঃ-আব্দুস সবুর,৫৭৭/১,মধ্য মনিপুর, মিরপুর-২, ঢাকা।
৮। তত্ত্বাবধায়ক, সংস্থাপন শাখা-১, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।